

FROM :

১০/১২/১৭

পরিচালক (প্রশাসন)	
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	
ডায়েরী নং	১০/১২/১৭
পরিচালক (প্রশাসন)	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
উপ-পরিচালক (প্র-১)	প্রয়োজনীয় দায়িত্ব নিয়ন্ত্রণ
উপ-পরিচালক (প্র-২)	উপস্থাপনা কার্যক্রম
নং-৫১.০০.০০০০.৪২২.৯৮.০০৩.১৬-৮৬	সিপি/সিপি/সিপি
বিক্রম: জাতীয় উন্নয়ন মেলায় অংশগ্রহণ সংক্রান্ত নির্দেশিকা।	

FAX NO. : 9575000

3 Jan. 2017 4:30AM P2

URGENT
BY FAX

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

তারিখ: ০১ জানুয়ারি ২০১৭ খ্রি।
১৮ পৌষ ১৪২৩ ব.।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক সারাদেশে জেলা পর্যায়ে ৯-১১ জানুয়ারি, ২০১৭ খ্রি. তারিখ ৩ (তিন) দিনব্যাপী এবং উপজেলা পর্যায়ে ১ (এক) দিনব্যাপী জাতীয় উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। মেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ হতে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার দপ্তর ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর ১টি করে স্টল বরাদ্দ গ্রহণ করবে। মেলাকে আকর্ষণীয়, ফলপ্রসূ এবং জনগণের নিকট ইতিবাচকভাবে উপস্থাপনের স্বার্থে নির্দেশক্রমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

- (১) মেলার মূল বিষয়সমূহ থাকবে নিম্নরূপঃ
 - (ক) মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক অর্জিত আন্তর্জাতিক স্বীকৃতি/ সাফল্য/ পুরস্কার;
 - (খ) রূপকল্প ২০২১/২০৪১ অর্জন এবং বাস্তবায়নের সাথে জনগণকে সম্পৃক্তকরণ;
 - (গ) Millennium Development Goal (MDG) অর্জনে সরকারের সাফল্য এবং Sustainable Development Goal (SDGs) সম্পর্কে ধারণা দেয়াসহ লক্ষ্য বাস্তবায়নে জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণ এর সাথে সম্পৃক্ত থাকবে।
- (২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের চলমান উন্নয়ন কর্মসূচি ও উবিষয় পরিকল্পনা প্রদর্শন করতে হবে। প্রতিটি স্টলে বন্যা আশ্রয়কেন্দ্র, ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, ব্রীজ/ কালভার্ট, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর নিকট এ মন্ত্রণালয় হতে সরবরাহকৃত মই (ল্যাডার) এর ছবি রাখতে হবে।
- (৩) প্রতিটি স্টলে IDCOL এর Partner Organization (PO) এর মাধ্যমে Solar System এর একটি মানসম্মত Panel প্রদর্শন করতে হবে।
- (৪) দুর্যোগে করণীয় সম্পর্কে ডিডিও চিত্র প্রদর্শন করা যেতে পারে। এ বিষয়ে স্থানীয় এনজিও-দের সহযোগিতা নেয়া যেতে পারে।
- (৫) ১৯৭৩ সালে জাতীয় পিতা বশবন্ধু শেখ মুজিবুর রহমান ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) উদ্বোধন করেন। উদ্বোধনের ছবিটি স্টলে প্রদর্শন করতে হবে।
- (৬) Disability inclusive Disaster Risk Management বিষয়ে গঠিত জাতীয় টাস্ক ফোর্সের আহ্বায়ক জনাব সায়মা হোসেন গত ২১ ডিসেম্বর, ২০১৬ খ্রি. তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের সাথে মতবিনিময় সভা করেন। এই সভার স্থির চিত্র প্রদর্শন করতে হবে।
- (৭) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় সম্প্রতি যে সকল ত্রাণ বিতরণ কার্যক্রমে অংশগ্রহণ করেছেন সে সকল ছবি হতে তাঁদের যৌথ উপস্থিতি সম্বলিত ছবি প্রদর্শন করতে হবে।
- (৮) বন্যা, ডুমিকম্প ও বজ্রপাতে করণীয় সম্পর্কে লিফলেট ছাপাতে হবে এবং জেলা পর্যায়ে মেলার জন্য প্রতিটি বিষয়ে ১০০০টি করে এবং উপজেলা পর্যায়ে প্রতিটি বিষয়ে ৫০০টি করে লিফলেট বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৯) বর্ণিত সকল ছবি, লিফলেট ও ব্যানারের নমুনা জেলা ও উপজেলা পর্যায়ে সরবরাহ ও প্রাপ্তি মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর নিশ্চিত করবেন।

“জাতীয় উন্নয়ন মেলা” অর্থাৎ গুরুত্বপূর্ণ বিষয়। মেলাকে সফল করার স্বার্থে সরকার প্রচেষ্টা গ্রহণ করার জন্য এতদ্বারা নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

১০/১২/১৭

০১/০১/২০১৭
মোঃ ইসমাঈল হোসেন
যুগ্মসচিব (ত্রাণ-২)
ফোনঃ ৯৫৪০১৪৩

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ


- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল).....
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল).....
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট কোঃ লিমঃ (IDCOL), ইউটিসি ভবন, ১৬ তলা, ৮ পাশপাশ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- ৬। মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.৩০৮.৯৯.০৩১.১৬-১২৮(১২৮)

তারিখঃ ০২-০১-২০১৭ খ্রিঃ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০১-০১-২০১৭ তারিখের ৫১.০০.০০০০.৪২২.০০৩.১৬-৮৬ নং স্মারক পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২.০১.২০১৭.
(লুৎফুন নাহার)
উপ-পরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ০২-৯৮৫৯৬২৯

প্রাপকঃ

- ১। জেলা প্রশাসক
..... (সকল)
- ২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
..... (সকল)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৩। পিএ টু ডিজি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।